

বাংলাদেশ ব্যাংক

Website: www.bb.org.bd

প্রধান কার্যালয়

ডাকবাংলো নং ৩২৫

ঢাকা।

ডেট ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট

ডিএমডি সার্কুলার নং- ০৭

তারিখঃ ১৪ শ্রাবণ, ১৪১৯ বঙ্গাব্দ।
২৯ জুলাই, ২০১২ খ্রীষ্টাব্দ।

প্রধান নির্বাহী

বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক-কোম্পানী

প্রিয় মহোদয়,

সরকারি সিকিউরিটিজে তফসিলি ব্যাংকগুলোর বিনিয়োগ সুশমকরণ প্রসংগে।

উপর্যুক্ত বিষয়ে আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

বাংলাদেশে কার্যরত তফসিলি ব্যাংকগুলো ব্যাংক-কোম্পানী আইন, ১৯৯১ (২০০৩ পর্যন্ত সংশোধিত) এর ৩৩ ধারা মোতাবেক সহজে বিনিয়োগ্য সম্পদ সংরক্ষণ করার উদ্দেশ্যে ট্রেজারি বিল ও বন্ড ধারণ করে থাকে। ধারণকৃত ট্রেজারি বিল ও বন্ড ব্যাংকগুলোর দায়ের বিপরীতে তারল্য আচ্ছাদন (Liquidity Coverage) হিসেবেও কাজ করে। বর্তমানে ব্যাংকিং খাতে সামগ্রিকভাবে ট্রেজারি বিল ও বন্ডের ধারণ সুশমভাবে বিন্যস্ত নয়। এ বন্টন সঙ্গতিপূর্ণ করার লক্ষ্যে এ মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়েছে যে, এখন হতে পুনরাদেশ না দেয়া পর্যন্ত নিলাম পঞ্জিকা অনুসারে অনুষ্ঠিতব্য ট্রেজারি বিল/বন্ডের নিলামে ঘোষিত পরিমাণ (Notified amount) এর unsubscribed অংশের শতকরা ৬০ ভাগ প্রাইমারি ডিলার (পিডি) ব্যাংক এবং অবশিষ্ট ৪০ ভাগ পরিশিষ্ট-খ এ উল্লিখিত ২৫টি নন-পিডি তফসিলি ব্যাংকের মধ্যে বন্টিত হবে। প্রসঙ্গতঃ উল্লেখ্য, পিডি ব্যাংক ছাড়া অন্যান্য ব্যাংক উল্লিখিত পদ্ধতিতে ট্রেজারি বিল/বন্ড ক্রয় করলেও তারা পিডি হিসেবে গণ্য হবে না। তবে তারল্য ব্যবস্থাপনার স্বার্থে পিডিদের পাশাপাশি নন-পিডি ব্যাংকগুলোকেও অত্র বিভাগের ২২/০২/২০১২ তারিখের ডিএমডি ০১/২০১২ নং সার্কুলার লেটারে বর্ণিত নির্দেশনা মোতাবেক বাংলাদেশ ব্যাংক হতে তারল্য সুবিধা (Assured Liquidity Support) প্রদান করা হবে। ট্রেজারি বিল/বন্ডের নতুন নিলাম পদ্ধতি ও বন্টন প্রক্রিয়া পরিশিষ্ট-ক এ সন্নিবেশিত হলো।

ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ এর ৪৫ ধারায় অর্পিত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হলো।

আগামী ১ আগস্ট, ২০১২ হতে উপরোক্ত নির্দেশনা কার্যকর হবে। উল্লেখ্য, এই সার্কুলার দ্বারা উল্লিখিত বিষয়ে জারিকৃত অত্র বিভাগের ২৪/০৭/২০১২ তারিখের ডিএমডি সার্কুলার নং- ০৬ প্রতিস্থাপিত হলো।

অনুগ্রহপূর্বক প্রাপ্তি স্বীকার করবেন।

আপনাদের বিশ্বস্ত,

সংযোজনীঃ বর্ণনা মোতাবেক

(বিষ্ণু পদ সাহা)
মহাব্যবস্থাপক
ফোনঃ ৯৫৩০১৩১

ট্রেজারি বিল/বন্ডের নিলাম ও বন্টন পদ্ধতি ।

নিম্নবর্ণিত পদ্ধতিতে ট্রেজারি বিল/বন্ডের নিলাম ও বন্টন সম্পাদিত হবেঃ

(ক) নিলাম পঞ্জিকা অনুসারে ট্রেজারি বিল ও বন্ডের ঘোষিত পরিমাণের (notified amount) উপর উন্মুক্ত নিলাম অনুষ্ঠিত হবে। এ নিলামে প্রাইমারি ডিলার (পিডি) ছাড়াও অন্যান্য পক্ষ প্রাইমারি ডিলারের মাধ্যমে বিড দাখিল করতে পারবে।

(খ) নিলামে ঘোষিত পরিমাণ (notified amount) এর unsubscribed অংশের শতকরা ৬০ ভাগ পিডি ব্যাংকগুলোর (১২টি) মধ্যে এবং অবশিষ্ট শতকরা ৪০ ভাগ অন্যান্য নন-পিডি ২৫টি ব্যাংকের মধ্যে বন্টিত হবে (পরিশিষ্ট-খ দ্রষ্টব্য)।

(গ) পিডিদের মধ্যে বন্টনযোগ্য unsubscribed অংশ (৬০%) এর অর্ধেক পরিমাণ বিল/বন্ড তাদের underwriting obligation অনুসারে এবং বাকি অর্ধেক সমভাবে বন্টিত হবে। underwriting obligation নির্ধারণে পিডি ও নন-পিডি ব্যাংকগুলোর CRR/SLR হিসাবায়নের জন্য ব্যবহৃত মোট তলবী ও মেয়াদি দায়কে (Total Demand and Time Liabilities-TDTL) মূল ভিত্তি হিসেবে বিবেচনা করা হবে। উল্লিখিত TDTL এর অন্তর্গত পিডি ব্যাংকগুলোর মোট আনুপাতিক দায়কে (total proportion of PDs in TDTL) ১০০% এ রূপান্তর করে স্ব স্ব DTL এর শেয়ার অনুপাতে পিডিদের underwriting obligation মাসিক ভিত্তিতে নির্ধারণ করা হবে।

(ঘ) নন-পিডিদের মধ্যে বন্টনযোগ্য unsubscribed অংশ (৪০%) উপরোক্ত “গ” ক্রমিকে বর্ণিত পদ্ধতি অনুসারে নির্ণীত DTL এর শেয়ার অনুপাতে সংশ্লিষ্ট ২৫টি নন-পিডি ব্যাংকের মধ্যে বন্টিত হবে। উদাহরণস্বরূপ, যদি ১০০ কোটি টাকার notified amount এর উন্মুক্ত নিলাম অনুষ্ঠিত হয় এবং তাতে ৮০ কোটি টাকা unsubscribed থেকে যায় সেক্ষেত্রে পিডিদের মধ্যে বন্টনযোগ্য পরিমাণ হবে unsubscribed অংশের ৬০% অর্থাৎ ৪৮ কোটি টাকা। এ ৪৮ কোটি টাকার ৫০% অর্থাৎ ২৪ কোটি টাকার সিকিউরিটিজ TDTL এর ভিত্তিতে নির্ধারিত underwriting obligation অনুসারে এবং বাকি ৫০% অর্থাৎ ২৪ কোটি টাকা সমভাবে পিডিদের মধ্যে বন্টিত হবে। অন্যদিকে unsubscribed অংশের ৪০% অর্থাৎ ৩২ কোটি টাকা TDTL এর ভিত্তিতে ২৫টি নন-পিডি ব্যাংকের মধ্যে বন্টিত হবে। পিডি ও নন-পিডি উভয়ের মধ্যে সিকিউরিটিজ বন্টনের ক্ষেত্রে উল্লিখিত “ক” ক্রমিকে বর্ণিত উন্মুক্ত নিলামে নির্ধারিত ট্রেজারি বিল/বন্ডের cut-off price বিক্রয়মূল্য হিসেবে বিবেচিত হবে।

(ঙ) unsubscribed ট্রেজারি বিল/বন্ড বন্টনের লক্ষ্যে তলবী ও মেয়াদি দায়ের (TDTL) এর ভিত্তিতে নির্ধারিত প্রাইমারি ডিলারদের underwriting obligation এর হার ও নন-প্রাইমারি ডিলার ব্যাংকের জন্য প্রযোজ্য DTL এর শেয়ার অনুপাত নিলাম অনুষ্ঠানের পূর্ববর্তী মাসের শেষ সপ্তাহে যথারীতি অবহিত করা হবে।

নন-প্রাইমারি ডিলার ব্যাংকের তালিকা ।

ক্রমিক নং	নন-প্রাইমারি ডিলার ব্যাংকের নাম
১.	রূপালী ব্যাংক লি.
২.	ব্যাংক এশিয়া লি.
৩.	বাংলাদেশ কমার্স ব্যাংক লি.
৪.	ত্র্যাক ব্যাংক লি.
৫.	ঢাকা ব্যাংক লি.
৬.	ডাচ-বাংলা ব্যাংক লি.
৭.	ইস্টার্ন ব্যাংক লি.
৮.	আইএফআইসি ব্যাংক লি.
৯.	ওয়ান ব্যাংক লি.
১০.	প্রিমিয়ার ব্যাংক লি.
১১.	পূবালী ব্যাংক লি.
১২.	স্ট্যান্ডার্ড ব্যাংক লি.
১৩.	দি সিটি ব্যাংক লি.
১৪.	দি ট্রাস্ট ব্যাংক লি.
১৫.	ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লি.
১৬.	ব্যাংক আলফালাহ
১৭.	সিটি ব্যাংক এন. এ.
১৮.	কমার্শিয়াল ব্যাংক অব সিলন লি.
১৯.	হাবিব ব্যাংক
২০.	এইচএসবিসি
২১.	ন্যাশনাল ব্যাংক অব পাকিস্তান
২২.	স্টেট ব্যাংক অব ইন্ডিয়া
২৩.	স্ট্যান্ডার্ড চার্টার্ড
২৪.	উরি ব্যাংক
২৫.	বেসিক ব্যাংক লি.